TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
Social movement against corruption

সংবাদ বিজ্ঞপ্তি

## দুর্জয় তারুণ্য দুর্নীতি রুখবেই

## *বিডিএফ ও টিআইবি* -র উদ্যোগে দুর্নীতিবিরোধী বিতর্ক প্রশিক্ষণ ও প্রতিযোগিতার আয়োজন

**ঢাকা, রোববার, ২৮ মার্চ ২০১০:** "দুর্জয় তারুণ্য দুর্নীতি রুখবেই" শ্লোগান নিয়ে আজ থেকে ঢাকায় ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) ও বাংলাদেশ ডিবেট ফেডারেশন (বিডিএফ) এর যৌথ উদ্যোগে শুরু হয়েছে দুর্নীতিবিরোধী বিতর্ক প্রতিযোগিতা। রাজধানীর উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজে অনুষ্ঠিত জাতীয় পর্যায়ের মাধ্যমিক স্কুলভিত্তিক শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত দু'দিনব্যাপি এ বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইন ও সালিশ কেন্দ্র এর নির্বাহী পরিচালক এবং টিআইবি'র ট্রাস্টি বোর্ডের কোষাধ্যক্ষ এ্যাডভোকেট সুলতানা কামাল।

উদ্বোধনী বক্তব্যে এ্যাডভোকেট সুলতানা কামাল বলেন, ব্যক্তিগত সুখ ও স্বার্থের জন্য নীতির বাইরে যা করা হয়, তাই দুর্নীতি। আমাদেরকে এর ঊর্ধ্বে উঠে এমন সিদ্ধান্ত নিতে হবে যা জনস্বার্থে কাজে লাগবে। তারুণ্যের শক্তি হচ্ছে সর্বশ্রেষ্ঠ শক্তি কারণ তারা মেধা, মনন, চিন্তা ও যুক্তিতে থাকে সতেজ এবং এর মাধ্যমেই তারা রুখতে পারবে সকল প্রকার দুর্নীতি। এছাড়া উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিডিএফ এর সভাপতি ডা. আব্দুন নূর তুষার। তিনি বলেন, দুর্নীতিকে প্রতিহত করতে হলে প্রথমে আমাদের সকলকে সচেতন হতে হবে এবং একইসাথে সামাজিকভাবে দুর্নীতিকে প্রতিহত করতে হবে। উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ এর প্রিন্সিপ্যাল লে. ক. মইনুল ইসলাম চৌধুরী বলেন, বিতর্ক এমন একটি বিষয় যেখানে যুক্তি ও তর্কের মাধ্যমে বিতার্কিকরা আলোকিত মানুষ হয়ে দুর্নীতিমুক্ত জাতি গঠনে অবদান রাখতে পারবে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন টিআইবি'র আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগের পরিচালক ড. এস. এম. রিজওয়ান-উল-আলম, উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ এর সিনিয়র শিক্ষক মমতাজ বেগম এবং মশিউর রহমান প্রমুখ।

'দুর্নীতি ও সুশাসন' বিষয় নিয়ে এ প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় ঢাকাসহ সারাদেশের ৩৬টি স্কুলের ২৭০ জন শিক্ষার্থী নাম নিবন্ধিত করেছে। আজ সারাদিন ৮ম থেকে ১০ম শ্রেণীর এ শিক্ষার্থীরা মেতে ওঠে যুক্তির লড়াইয়ে। উল্লেখ্য টিআইবি ও বিডিএফ যৌথভাবে এবারই প্রথম স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে এ ধরনের প্রতিযোগিতার আয়োজন করছে। এ আয়োজনের উদ্দেশ্য তরুণদের মাঝে দুর্নীতিবিরোধী চেতনা তৈরী করে একটি সুশাসিত দেশ গড়তে চিন্তার দ্বার খুলে দেওয়া এবং যুক্তির ওপর নির্ভরতা তৈরী ও বাড়ানো।

দুর্নীতিবিরোধী ছায়া সংসদ বিতর্ক প্রশিক্ষণ ও প্রতিযোগিতায় ভেন্যু পার্টনার হিসেবে থাকছে উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ এবং মিডিয়া সহযোগী হিসেবে থাকছে দ্য ডেইলি স্টার, প্রথম আলো এবং বৈশাখী মিডিয়া।

**গণমাধ্যম যোগাযোগ**
এস. এম. রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২